গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
সিলেট।

সহকারী পরিচালকের দপ্তর, সিলেট এর কর্মসম্পাদন ব্যবস্থাপনা কমিটি ও নৈতিকতা উপকমিটির ফেব্রুয়ারী-২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মো: শফিকুল ইসলাম ভূঞা
সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট ও টিম প্রধান

সভার তারিখ ও সময় : ১৯/০২/২০২২ খ্রিঃ ও ১০:০০ ঘটিকা।
স্থান : সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট এর সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট-'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময়ের পর ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও নৈতিকতা কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সভায় সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা স্বাপেক্ষে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভূক্ত কার্যক্রম সমুহ নির্ধারিত সময়ে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন গ্রহন করতে হবে। এ লক্ষ্যে লক্ষ্যমাত্রার কোয়ার্টার অনুযায়ী বিভাজন পূর্বক অর্জন নিশ্চিতের পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ ও মহড়া, স্বাস্থ্যকেন্দ্র/হাসপাতলে মহড়া, ধর্মীয় প্রতিষ্ঠানে মৌলিক প্রশিক্ষণ ও ক্যামিকেল গোডাউন সার্ভে পরিচালনা লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ার কারনে অধিক গুরুত্ব সহকারে উক্ত বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | উপ সহকারী পরিচালক এবং ওয়্যারহাউজ ইন্সপেক্টর সকল |
| ২. | বার্ষিক কর্মসম্পাদন চূক্তির প্রমাণক সংগ্রহ | বার্ষিক কর্মসম্পাদন চূক্তির বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে সকল কার্যক্রমের প্রমাণক যথাযথভাবে সংগ্রহপূর্বক সংরক্ষণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ ও মহড়া, স্বাস্থ্যকেন্দ্র/হাসপাতলে মহড়া, ধর্মীয় প্রতিষ্ঠানে মৌলিক প্রশিক্ষণের প্রমাণক হিসেবে প্রতিষ্ঠানের সভাপতি/প্রধান শিক্ষক/দ্বায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরসহ মোবাইল নম্বর সংগ্রহ করতে হবে। | উপ সহকারী পরিচালক এবং সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার |
| ৩. | অন্যান্য কর্মপরিকল্পনাসমূহের লক্ষ্যমাত্রা অর্জন | ২০২১-২০২২ কর্মসম্পাদন চুক্তির সাথে সম্পর্কিত (শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স/উদ্ভাবন, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি) অন্যান্য কর্মপরিকল্পনা অন্তর্ভূক্ত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। | উপ সহকারী পরিচালক এবং ওয়্যারহাউজ ইন্সপেক্টর সকল |
| ৪. | ই-নথি ব্যবহার | আওতাধীন দপ্তর সমূহের ন্যুনতম ৮০% ই-নথি ব্যবহারের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত সকল দপ্তরে ই-নথি ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রয়োজনে ই-নথি বিষয়ক প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ সহকারী পরিচালক |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| | | | |
|---|---|---|---|
| ৫. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ অন্যান্য কর্মপরিকল্পনা বাস্তবায়নে সভাকরণ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ অন্যান্য কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে কমিটির সদস্যবৃন্দ ও অধঃস্তন কর্যালয়ের অংশগ্রহণে সময় সময় সভা অনুষ্ঠানের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়নে করণীয় নির্ধারণ পূর্বক শতভাগ বাস্তবায়ন করতে হবে। | উপ সহকারী পরিচালক |
| ৬. | ওয়েব সাইট হালনাগাদ করন | প্রত্যেক দপ্তরের সংশ্লিষ্ট ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাবলী সুনির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড নিশ্চিত করবে। এতদবিষয়ে অব্যবহিত উর্ধ্বতন কার্যালয় নিয়মিত ভিজিট পূর্বক মনিটরিং করতে হবে। | উপ সহকারী পরিচালক |
| ৭. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজন | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ অন্যান্য কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়সহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ সহকারী পরিচালক এবং সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ—
মোঃ শফিকুল ইসলাম ভূঞা
সহকারী পরিচালক
ফোন-০২৯৯৬৬৪৩৩৩০।

স্মারক নং-৫৮.০৩.৬০৯১.০০২.০৫.১৮৮.১৬-৪৬৭(৩৮)

তারিখঃ ৯০/১১/১৪২৮
২৩/০২/২০২২

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।

**বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে )**

১। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
২। সিনিয়র ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিলেট/হবিগঞ্জ।
৩। ওয়্যার হাউজ ইন্সপেক্টর-১ / ২ / ৩ / ৪ / ৫ / ৬, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
৪। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ................................ (সকল)।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।

২৩/২/২২
মোঃ শফিকুল ইসলাম ভূঞা
সহকারী পরিচালক
ফোন-০২৯৯৬৬৪৩৩৩০।